

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০৮-০২-২০২৪

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৫-০২-২০২৪ থেকে ০৭-০২-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

০৫ ফেব্রুয়ারী: পশ্চিমবঙ্গের দার্জিলিং, উত্তর ২৪ পরগনা ও পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় হালকা ধরণের (দৃশ্যমানতা: ৫০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও মালদা জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

০৬ ফেব্রুয়ারী: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম মেদিনীপুর, উত্তর ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

০৭ ফেব্রুয়ারী: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের দার্জিলিং ও পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় হালকা ধরণের (দৃশ্যমানতা: ৫০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭০ থেকে ৭৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬১ থেকে ৮৬ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বনিম্ন তাপমাত্রা ০৬ ও ০৭ ই ফেব্রুয়ারী পুরুলিয়া তে ১৪.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

রাতের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
০৫-০১-২০২৪	দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, বালুরঘাট, কৃষ্ণনগর, কাঁথি	--	--	জলপাইগুড়ি, মালদা, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা	--
০৬-০১-২০২৪	কালিম্পং, কোচবিহার	দার্জিলিং	--	জলপাইগুড়ি, বালুরঘাট, বহরমপুর, মেদিনীপুর, কাঁথি	মালদা, আলিপুর, দমদম, দীঘা

০৭-০১-২০২৪	কালিম্পং, জলপাইগুড়ি, বালুরঘাট, কৃষ্ণনগর, কাঁথি	দার্জিলিং, কোচবিহার	--	মালদা, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দীঘা	দমদম
------------	--	------------------------	----	---	------

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

০৮ ফেব্রুয়ারী (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাতের অথবা তুষারপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের কুয়াশার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৩ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ২ দিন, রাতের তাপমাত্রা ধীরে ধীরে ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে।

০৯ ফেব্রুয়ারী (দিন ২)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের কুয়াশার সম্ভাবনা আছে।

১০ ফেব্রুয়ারী (দিন ৩) -

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:**০৮ ফেব্রুয়ারী (দিন ১) -**

কোনো সতর্কবার্তা নেই।

০৯ ফেব্রুয়ারী (দিন ২)-

কোনো সতর্কবার্তা নেই।

১০ ফেব্রুয়ারী (দিন ৩) -

কোনো সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

০৮-০২-২০২৪